# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date: 20.07.2024** **Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবর –

১) বাংলাদেশে সংরক্ষণ বিরোধী আন্দোলনের পরিস্থিতি অগ্নিগর্ভ হয়ে ওঠায় সেখানে থাকা রাজ্যের পড়ুয়াদের ব্যাপারে খোঁজখবর নিতে রাজ্য সরকার কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের সঙ্গে যোগাযোগ রাখছে।

আজ প্রায় এক হাজার ভারতীয় পড়ুয়া বাংলাদেশ থেকে দেশে ফিরেছেন।

২) তৃণমূল কংগ্রেসের ২১ শে জুলাই সমাবেশকে কেন্দ্র করে শহর জুড়ে ব্যাপক নিরাপত্তার বন্দোবস্ত করা হয়েছে। আজ সভামঞ্চ ঘুরে দেখেছেন তৃণমূল প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

২১ শে জুলাইয়ের সভা নিয়ে কটাক্ষ বিরোধীদের।

৩) রাজ্যের পুরসভাগুলিতে পরিষেবা পাওয়ার ক্ষেত্রে নির্ধারিত চার্জের অতিরিক্ত টাকা নেওয়া যাবে না বলে পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম জানিয়েছেন।

৪) সোনারপুর কান্ডে অভিযুক্ত জামালউদ্দীন সর্দারের ১০ দিনের পুলিশ হেফাজত হয়েছে।

---

সংরক্ষন বিরোধী আন্দোলনকে কেন্দ্র করে প্রতিবেশী রাষ্ট্র বাংলাদেশের পরিস্থিতি অগ্নিগর্ভ হয়ে ওঠায় সেখানে থাকা রাজ্যের পড়ুয়াদের অবস্থা নিয়ে খোঁজখবর নিতে রাজ্য সরকার কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের সঙ্গে যোগাযোগ রাখছে। আজ নবান্নের তরফে দিল্লিতে রাজ্যের রেসিডেন্সিয়াল কমিশনারকে ফোন করে সেখানে থাকা রাজ্যের ছাত্র ছাত্রীরা কি অবস্থায় রয়েছে তা নিয়ে মন্ত্রকের সঙ্গে নিয়মিত সমন্বয় রেখে চলার কথা বলা হয়েছে। প্রয়োজনে আটকে থাকা ছাত্র ছাত্রীদের নিরাপদে রাজ্যে ফিরিয়ে আনতে সব ধরনের ব্যবস্থা নেওয়ার কথা বলা হয়েছে।

---------------------

এদিকে, বাংলাদেশে সংরক্ষণ বিরোধী আন্দোলন চরম হিংসাত্মক রূপ নেওয়ার পর প্রায় এক হাজার ভারতীয় পড়ুয়া দেশে ফিরে এসেছেন। বিদেশ মন্ত্রক জানিয়েছে, ৭৭৮ জন ভারতীয় ছাত্রছাত্রী বিভিন্ন স্থলবন্দর দিয়ে এবং প্রায় ২০০ ছাত্রছাত্রী ঢাকা ও চট্টগ্রাম থেকে বিমান যোগে দেশে ফিরেছেন। ঢাকায় ভারতীয় হাই কমিশন এবং চট্টগ্রাম, রাজশাহী, সিলেট ও খুলনার সহকারী হাইকমিশন পড়ুয়াদের দেশে ফেরাতে সাহায্য করছে।

এরাজ্যে কোচবিহার জেলার চ্যাংড়াবাঁধা আন্তর্জাতিক সীমান্ত পথে বাংলাদেশে পাঠরত ভারত, নেপাল, ভুটান ও মালদ্বীপের ছাত্রছাত্রীরা বাড়ি ফিরতে শুরু করেছেন। আজ ৩৩ জন ছাত্রছাত্রী ঐ সীমান্ত পথে ভারতে প্রবেশ করেন। তারা সকলেই রংপুর মেডিকেল কলেজে পাঠরত। নেপাল, ভুটান ও মালদ্বীপে ১৩ জন পড়ুয়া আজ ভারতে এসেছে। এরা ময়মনসিং মেডিকেল কলেজের ছাত্রছাত্রী।

নদীয়ার গেদে সীমান্ত দিয়ে দেশে ফিরেছেন ৩৫০ জন। এদের মধ্যে ১৩৯ জন ছাত্রছাত্রী।

অন্যদিকে, বাণিজ্য বন্ধ হয়ে যাওয়ায় সমস্যায় পড়েছেন ব্যবসায়ীরা। চ্যাংড়াবাধা সীমান্তে সার দিয়ে দাঁড়িয়ে ভুটান ও ভারতের ট্রাক। মূলত এই পথেই পাথর রপ্তানি করা হয়। দীর্ঘদিন এই অচলাবস্থা চললে ব্যবসায়ীরা চরম সমস্যার মুখে পড়বেন বলে জানিয়েছেন। তারা দ্রুত সমস্যার সমাধানের আবেদন জানান।

ভারতীয় রেল, দুই দেশের মধ্যে চলাচলকারী মিতালী এক্সপ্রেসের যাত্রা বাতিল করেছে। যাত্রীদের টিকিটের দাম ফেরত দেওয়া হবে বলে রেল সূত্রে জানা গেছে।

---------------------

আগামীকাল একুশে জুলাই। তৃণমূল কংগ্রেসের বার্ষিক শহীদ সমাবেশ উপলক্ষে শেষ মুহূর্তের প্রস্তুতি চলছে জোর কদমে। সাম্প্রতিক লোকসভা নির্বাচন এবং সদ্য সমাপ্ত বিধানসভা উপ নির্বাচনে দলের সাফল্যকে সামনে রেখে এবারের শহীদ সমাবেশ তৃণমূল কংগ্রেসের কাছে বিশেষভাবে তাৎপর্যপূর্ণ। আমাদের প্রতিনিধির একটি প্রতিবেদন-

ভয়েসকাস্ট

ধর্মতলায় তৃণমূল কংগ্রেসের শহীদ দিবসের জনসভাকে কেন্দ্র করে মেট্রো রেল, নর্থ সাউথ করিডরে যাত্রাপথকে মসৃণ রাখতে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করেছে। অতিরিক্ত যাত্রী ভিড়ের কথা মাথায় রেখে চাদনীচক, পার্কস্ট্রীট, এসপ্ল্যানেড ও ময়দান স্টেশনে ৫৪ জন আরপিএফ আধিকারিককে মোতায়েন করা হয়েছে। বিভিন্ন স্টেশনে অতিরিক্ত টিকিট কাউন্টার খোলার পাশাপাশি সিসিটিভিতে পরিস্থিতির ওপর নজরদারি চালানো হবে। আগামীকাল এই করিডরে উভয় দিকে মোট ১৩০ টি ট্রেন চালানো হবে।

তৃণমূল কংগ্রেসের সমাবেশ থাকায় আগামীকাল ভোর চারটে থেকে রাত ৯টা পর্যন্ত একাধিক গুরুত্বপূর্ণ রাস্তায় যান চলাচল নিয়ন্ত্রণ করা হবে। আমহাস্ট্রীট, বিধানসরণী, কলেজস্ট্রীট, ব্রাবোর্ন রোড, স্ট্র্যান্ড রোড, বিবি গাঙ্গুলী স্ট্রীট, বেন্টিঙ্ক স্ট্রীট, রবীন্দ্র সরণীর কিছু অংশে অত্যাবশ্যক পণ্য ছাড়া বাকি সব ধরনের যান চলাচল বন্ধ থাকছে।

---------------------

এদিকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ বিকেলে ২১ শে সভামঞ্চের প্রস্তুতি পরিদর্শন করেন। সঙ্গে ছিলেন মেয়র ফিরহাদ হাকিম সহ দলের শীর্ষ নেতা-নেত্রীরা। পরে সাংবাদিকদের কাছে মুখ্যমন্ত্রী বলেন, আগামীকালের সামবেশ দেশের অস্তিত্ব রক্ষার।

বাইট

---------------------

২১ শে জুলাইয়ের মঞ্চ শহীদদের প্রতি প্রকৃত শ্রদ্ধা জ্ঞাপনের মঞ্চ নয় বলে বিজেপি দাবি করেছে। কলকাতায় আজ সাংবাদিক বৈঠকে দলের রাজ্যসভার সাংসদ তথা রাজ্য মুখপাত্র শমীক ভট্টাচার্য জানিয়েছেন, তৃণমূল কংগ্রেস ২১ শে জুলাইয়ের গুরুত্বকে পুরোপুরি নষ্ট করেছে। যিনি ঐ দিন গুলি চালনায় নেতৃত্ব দিয়েছিলেন, পরবর্তীকালে তিনি তৃণমূল কংগ্রেস সরকারের মন্ত্রী এবং রাজ্যসভার সাংসদও হয়েছেন।

বাইট

রাজ্য সাধারণ মানুষ, ক্ষুদ্র ব্যবসায়ী, গ্রামাঞ্চলে মহিলারা যেভাবে শাসকদলের হাতে আক্রান্ত হচ্ছেন, তাতে প্রশাসনের ওপর মানুষ আস্থা হারিয়ে ফেলেছে। পাশাপাশি রাজ্যে গণতান্ত্রিক পরিবেশও বিপন্ন।

তৃণমূল কংগ্রেসের এই সভা আসলে বাৎসরিক আয়োজন বলে কটাক্ষ করেছেন সিপিআইএম নেতা সুজন চক্রবর্তী। ২১ শে জুলাইয়ের ঘটনার রিপোর্ট আজও প্রকাশিত হল না কেন, সেই প্রশ্ন তুলেছেন তিনি।

বাইট

--------------------

রাজ্যে পুরসভাগুলিতে পরিষেবা পাওয়ার ক্ষেত্রে নির্ধারিত চার্জ বা পুর পরিষেবা বাবদ ধার্য অর্থ ছাড়া অতিরিক্ত টাকা নেওয়া যাবে না বলে রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম জানিয়েছেন। পুরভবনে আজ সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন, যদি কোনো পুরসভা পরিষেবা খাতে টাকা বাড়াতে চায়, তাহলে সংশ্লিষ্ট দপ্তরের অনুমতি নিতে হবে।

এদিকে, কলকাতা পুরসভার কিছু অস্থায়ী কর্মীদের বিরুদ্ধে দু জায়গায় কাজ করে দু জায়গা থেকে বেতন নেওয়ার অভিযোগ উঠেছে। মোট ৬০ জন  পুরসভার অস্থায়ী সাফাই কর্মী ও ১০০ দিনের কাজের শ্রমিকদের বিরুদ্ধে এই অভিযোগ উঠেছে। পুর ভবনে আজ এ বিষয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে, রাজ্যের পুর ও নগর উন্নয়ন মন্ত্রী তথা কলকাতা পৌরসভার মেয়র ফিরহাদ হাকিম বলেন, ১০০ দিনের কর্মী হিসেবে ও সাফাই কর্মী হিসাবে দুই জায়গায় নাম ঢুকিয়েছে এই অস্থায়ী শ্রমিকরা। তাদের কাছ থেকে ওই টাকা ফেরত চাওয়ার নির্দেশ দেওয়া হয়েছে বলে মেয়র জানিয়েছেন।

--------------------

ভিন রাজ্যে আলু রপ্তানিতে বাধা এবং পুলিশি হয়রানির প্রতিবাদে কর্মবিরতির ডাক দিয়েছে প্রগতিশীল আলু ব্যবসায়ী সমিতি। বাঁকুড়ার জয়পুরের হিমঘর মালিকদের

সংগঠনের সঙ্গে বৈঠক করেন সমিতি কর্তারা। তারপরই কর্মবিরতির কথা ঘোষণা করেন তাঁরা। সোমবার থেকে রাজ্যজুড়ে অনির্দিষ্টকালের জন্য এই কর্মবিরতি চলবে বলে জানিয়েছেন তাঁরা। ঐ দিন থেকে পাইকারি বাজারে  আলু বিক্রি বন্ধ রাখা হবে বলে সংগঠনের পক্ষ থেকে জানানো হয়েছে।

---------------------

দক্ষিণ ২৪ পরগণার সোনারপুরে মহিলাকে শিকল দিয়ে বেধে মারধর সহ নানা অভিযোগ থাকা জামালউদ্দীন সর্দারকে আজ বারুইপুর আদালতে তোলা হলে ১০ দিনের পুলিশ হেফাজত হয়েছে। ১১ ই জুলাই জামালউদ্দীনের বিরুদ্ধে অভিযোগ দায়ের হয়। ১৬ ই জুলাই বিষয়টি সামনে আসে। এরপরই বেপাত্তা হয়ে যায় জামাল সর্দার। লেদার কমপ্লেক্স এলাকা থেকে তাকে গ্রেপ্তার করে সোনারপুর থানার পুলিশ ও বারুইপুর পুলিশা জেলার স্পেশাল অ্যাকশান ব্যুরো।

---------------------

আড়িয়াদহের কুখ্যাত তোলাবাজ জয়ন্ত সিং-এর ঘনিষ্ঠ ধৃত রাহুল গুপ্তাকে ব্যারাকপুর আদালত চারদিনের পুলিশ হেফাজত দিয়েছে। আড়িয়াদহ তালতলা স্পোর্টিং কর্লাবে নৃশংসভাবে মারধরের ঘটনা ভাইরাল হওয়ার পর ঐ ভিডিও-তে থাকা রাহুল গুপ্তাকে পুলিশ গ্রেপ্তার করে।

---------------------

পশ্চিম মেদিনীপুরের ঘাটাল মহকুমার দাসপুর থানা এলাকায় বাবাকে খুনের অপরাধে ছোট ছেলেকে পুলিশ গ্রেপ্তার করেছে। গত ১২ই জুলাই ভুঁইঞা পাড়া এলাকায় একটি পুকুরের পার থেকে সুদাম ভুঁইঞা নামে এক ব্যক্তিকে রক্তাক্ত অবস্থায় উদ্ধার

করা হয়। পরদিন দুপুরে হাসপাতালে তাঁর মৃত্যু হয়। ঘটনার পর থেকেই ছোট ছেলে চিরঞ্জিত ফেরার ছিল। গতকাল তাকে গ্রেপ্তারের পর আজ তাকে ঘাটাল আদালতে তোলা হয়।

--------------------

ওড়িশা উপকূলে নিম্চাপ এবং পূর্ব দীঘা এবং হিমালয় সন্নিহিত পশ্চিমবঙ্গের ওপর একটি ঘূর্ণাবর্তের প্রভাবে আগামীকাল ও সোমবার রাজ্যের মধ্য ও পশ্চিম ভাগে ঝড়বৃষ্টির পূর্বাভাস রয়েছে। আগামীকাল ঝাড়গ্রাম, পুরুলিয়া, বাঁকুড়া ও দুই মেদিনীপুরে বজ্রবিদ্যুত্ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে।

মৎস্যজীবীদের আগামী ৪৮ ঘন্টা সমুদ্রে না যাওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

--------------------

কলকাতা প্রিমিয়ার লীগ ফুটবলে আজ ইউনাইটেড স্পোর্টস ৩-১ গোলে মহামেডান স্পোর্টিংকে হারিয়ে দিয়েছে। ইউনাইটেড স্পোর্টসের সুজল মুন্ডা দুটি, রমিন্থাঙ্গা একটি গোল করেছেন। মহামেডান স্পোর্টিং এর মনোতোষ রায় একটি গোল শোধ করেন। এবারের লীগে এটি মহামেডান স্পোর্টিংয়ের দ্বিতীয় পরাজয়। ছয় ম্যাচে তদের পয়েন্ট ১০।

বারাকপুরে অন্য ম্যাচে উয়ারী ১-০ গোলে পাঠচক্রকে কাল্যানিতে খিদিরপুর ক্লাব ৪-৩ গোলে সাদার্ন সমিতিকে পরাজিত করেছে।

-------------------- --------------------